

দাও খোদা দাও আমায় আবার ওমর দরাজ দিল
দাও আলীর মত বীর সেনানী জাগাতে নিখিল ।
হামযাকে দাও ঘরে ঘরে জীবন দিতে অকাতরে
আমার কাবা ভাঙতে গেলে পাঠাও আবাবীল ।
সাচ্চা ঈমান দিয়ে পাঠাও শত সাহাবা
তাদের দেখে বিশ্ব আবার বলুক মারহাবা ।
আবার পাঠাও আবু বকর
ফেতনা ফাসাদ আসুক সমর
অনড় অটল পাহাড় সম দাও সে মনে মিল ।
দাও খোদা দাও আমায় আবার ওমর দরাজ দিল
দাও আলীর মত বীর সেনানী জাগাতে নিখিল ।